

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০.১০৫.৩১.৩১৭.১৯/৯২৯৮/৬

তারিখ: ১১/০১/২০২০ খ্রি।

বিষয়: খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলাধীন খগেন্দ্র মহিলা কলেজের জনাব দীনবন্ধু বর্দ্ধন, প্রভাষক (সমাজকল্যাণ) এর
ছুটিকালীন সময়ের বকেয়া বেতনভাত্তা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলাধীন খগেন্দ্রনাথ মহিলা কলেজের জনাব দীনবন্ধু
বর্দ্ধন ০৫/০৩/২০০৫ খ্রি. তারিখ হতে প্রভাষক (সমাজকল্যাণ) পদে কর্মরত (ইনডেক্স নং-৩০৭৫১৫৩)। অসুস্থতাজনিত কারণে
এপ্রিল ২০১৮ থেকে মে/২০১৯ পর্যন্ত গভর্নিং বডি তাঁর ছুটি মুঝের করেন। পরবর্তীতে সুস্থ হয়ে তিনি মে/২০১৯ তারিখে
যোগদান করে বেতন ভাত্তার সরকারি অংশ উত্তোলন করছেন। এজন্য অসুস্থ থাকা অবস্থায় এপ্রিল/২০১৮ থেকে মে/২০১৯
পর্যন্ত সময়ের বকেয়া ৩,৩৯,৪৪৮/- (তিনি লক্ষ উনচালিশ হাজার চারশত চুয়ালিশ) টাকা বকেয়া বেতন ভাত্তা প্রদানের প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

বকেয়া প্রদানের বিষয়ে জনবল কাঠামো-২০১৮ এর ১৮(৫) ধারায় উল্লেখ আছে- “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা
কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্টি মামলার কারণে বেতন-ভাত্তাদির সরকারি অংশ উত্তোলন
সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-
দায়িত্ব বহন করবে”।

অসুস্থতার জন্য সৃষ্টি বকেয়া বেতন ভাত্তার বিষয়ে জনবল কাঠামোতে কোন নির্দেশনা নাই। জনাব দীনবন্ধু বর্দ্ধন এর
এপ্রিল/২০১৮ থেকে মে/২০১৯ তারিখ পর্যন্ত অসুস্থকালীন সময়ের বকেয়া বেতন ভাত্তাদি প্রদানের বিষয়ে এমপিও চুড়ান্ত
কমিটির সিদ্ধান্ত চাওয়া হয়।

কমিটির সুপারিশ: আইন বিধি অনুযায়ী ঐ সময়টুকু ছুটি প্রাপ্য কী-না, ছুটির হিসাব যাচাই পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করার
সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, আইন বিধি অনুযায়ী ছুটি প্রাপ্য কী-না, ছুটিতে গমনের পূর্বে কর্তৃপক্ষের অনুমোদন আছে কী-না, প্রমাণক কাগজপত্র
সহ ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শুল্ক
১৯.০১.২০২০
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭
ই-মেইল: nccollege@dshe.gov.bd

অধ্যক্ষ
খগেন্দ্র মহিলা কলেজ
বটিয়াঘাটা, খুলনা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, খগেন্দ্র মহিলা কলেজ, বটিয়াঘাটা, খুলনা।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৫। জনাব
- ৬। সংরক্ষণ নথি।